

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২.০০২.০৮/২৩৬

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়ঃ আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত হিসাবরক্ষক/১৪তম গ্রেডের মাসিক সেবা মূল্য নির্ধারণ সংক্রান্ত।

সূত্রঃ (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.১৬.০০২.১৫.২৪৪, তারিখ-১৮/০৯/২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন শীর্ষক প্রকল্প এর ডিপিপি তে হিসাবরক্ষক পদের জন্য ১৪তম গ্রেড উল্লেখপূর্বক আউটসোর্সিং সেবামূল্য প্রদানের সংস্থাপন আছে। সে মতে আউটসোর্সিং জনবল হিসেবে ডিপিপি অনুযায়ী হিসাবরক্ষক পদে (১৪তম গ্রেডে) সেবামূল্য প্রদান করা হয়েছিল। কিন্তু অর্থ মন্ত্রণালয় হতে বিগত ১০/০৬/২০১৯ তারিখের স্মারক নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯ মূলে জারিকৃত পরিপত্র অনুসারে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত হিসাবরক্ষক (১৪তম গ্রেড) পদটি কোন ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে তা চিহ্নিত করা সম্ভব হচ্ছে না।

০২। এমতাস্বায়, আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত হিসাবরক্ষক (১৪তম গ্রেড) পদটি কোন ক্যাটাগরিতে অন্তর্ভুক্ত হবে সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(মোঃ জাহাঙ্গীর হোসেন বেপারী)
সিনিয়র সহকারী সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ: আ: যুগ্মসচিব, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৩)

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি।